দৈনিক বাংলা

তারিখ ২৭/৯/৭৯
পৃষ্ঠা ............ কলাম ............

147

# থানা শিক্ষা অফিসারের দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ মিছিল

(নিজস্ব সংবাদদাতা)

ভোলা, ২৫শে সেপ্টেম্বর।— ভোলা থানা শিক্ষা অফিসারের দুর্নীতির প্রতিবাদে গত ১৭ই সেপ্টেম্বর স্থানীয় বাংলা স্কুলে ভোলা থানা প্রাথমিক শিক্ষক সমিতির এক সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় শিক্ষক নেতৃবৃন্দ স্থানীয় শিক্ষা কর্মকর্তাদের দুর্নীতি ও নির্যাতনের কাহিনী বর্ণনা করে বক্তব্য রাখেন। সভায় সভাপতিত্ব করেন জনাব নূর মোহাম্মদ।

সভা শেষে একটি প্রতিবাদ মিছিল বিভিন্ন ধরনের প্লেকার্ড সহ ভোলা শহর প্রদক্ষিণ করে। মিছিল মহকুমা প্রশাসকের বাস-ভবনের সামনে উপস্থিত হয়ে মহকুমা প্রশাসকের কাছে একটি স্মারক লিপি প্রদান করেছে। উক্ত স্মারক লিপিতে থানা শিক্ষা অফিসারের দুর্নীতির উল্লেখ করে তার বিচার প্রার্থনা করা হয়েছে।